# ৯ নং রুপাপাত ইউনিয়ন পরিষদের এপ্রিল/২০২৩ মাসের সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মিজানুর রহমান মোল্লা

সভার স্থান ঃ ইউপি সভা কক্ষ

তারিখ ঃ ৩০/০৪/ ২০২৩ খ্রিঃ

সময় ঃ সকাল ১০. ৩০ ঘটিকা

সভায় উপস্থিত ঃ পরিশিষ্ট “ক”

সভায় অনুপস্থিত ঃ পরিশিষ্ট “খ”

আলোচ্য বিষয় সমুহ ঃ

১। বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন প্রসঙ্গে।
২। এপ্রিল/২০২৩ মাসের সাধারণ সভা অনুষ্ঠান প্রসঙ্গে।
৩। বিবিধঃ

সভার শুরুতে সভাপতি মিজানুর রহমান মোল্লা (ইউ,পি চেয়ারম্যান) সাহেব উপস্থিত সকল কে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে তিনি ইউনিয়ন পরিষদের সকল ইউপি সদস্যদের সার্বিক সহযোগিতা কামনা করেন।

**১নং আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত** ঃ সভায় সভাপতি সাহেব এর আদেশ ক্রমে ইউ.পি সচিব বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন করেন এবং এতে কোন সংশোধন না থাকায় তা সর্বসম্মতি ক্রমে গ্রহন ও অনুমোদন করা হয়।

**২নং আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত** ঃ-

১. ঃ শ্যামলী রানী শাখারী (ইউপি সদস্য সঃ মঃ আঃ- ২) জানান যে, তার নির্বাচনী ওয়ার্ডে বেশ কয়েকটি মাটির রাস্তা প্রয়োজন। এছাড়া তার ওয়ার্ডে কয়েকটি মাটির রাস্তা ভেঙ্গেচুড়ে গর্ত হয়ে জনগনের চলাচলারে অনুপযোগী হয়ে পড়েছে। এমতাবস্থায় রাস্তাগুলি মেরামত করা প্রয়োজন। তাছাড়া তার নির্বাচনী ওয়ার্ডে বেশ কয়েক বাঁশের সাঁকো নির্মাণ ও মেরামত করা প্রয়োজন।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে অদ্যকার সভার সভাপতি ও উপস্থিত সদস্য শ্যামলী রানী শাখারী (ইউপি সদস্য সঃ মঃ আঃ-২) কে নতুন রাস্তা লাগবে তার একটি তালিকা, পনঃ নির্মাণ ও মেরামত লাগবে এমন একটি রাস্তার তালিকা এবং কয়টি বাঁশের সাঁকো লাগবে তার একটি তালিকা প্রস্তুত করার অনুরোধ করেন। এছাড়া সভায় আরও সিদ্ধান্ত গৃহিত যে, তালিকাভুক্ত উক্ত রাস্তা ও বাঁশের সাঁকো গুলি জনগুরুত্ব অনুসারে পর্যায়ক্রমে ইউপির নিজস্ব আয় বা সরকারী কোন বরাদ্ধ প্রাপ্ত হলে বাস্তবায়ন করা হবে।

২. ঃ রিজিয়া বেগম (ইউপি সদস্য সঃ মঃ আঃ- ৩) জানান যে, তার নির্বাচনী ওয়ার্ডে বেশ কয়েকটি মাটির রাস্তা প্রয়োজন। এছাড়া তার ওয়ার্ডে কয়েকটি মাটির রাস্তা ক্ষতিগ্রস্ত হয়ে জনগনের চলাচলারে অনুপযোগী হয়ে পড়েছে। এমতাবস্থায় রাস্তাগুলি মেরামত করা প্রয়োজন। এছাড়া তার ওয়ার্ডে বেশ কয়েক বাঁশের সাঁকো নির্মাণ ও মেরামত করা প্রয়োজন। তার ওয়ার্ডে বয়স্ক ভাতা, বিধবা ভাতা এবং প্রতিবন্ধী ভাতা পাওয়ার উপযোগী অনেক ব্যাক্তি রয়েছে। তার ওয়ার্ডে কয়েকটি এইচ বি বি রাস্তা ক্ষতিগ্রস্ত হয়ে জনগনের চলাচলের অনুপযোগী হয়ে পড়েছে রাস্তাগুলো মেরামত করা প্রয়োজন। তিনি সভাকে আরও অবহিত করেন যে, খাদ্য বান্ধব কর্মসুচী (রেশন কার্ড ) অনেক কার্ডধারী লোক রয়েছে অনলাইনে ক্রতির কারণে তারা ঠিকমত চাল পাচ্ছে না।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে অদ্যকার সভার সভাপতি ও উপস্থিত সদস্য রিজিয়া বেগম (ইউপি সদস্য সঃ মঃ আঃ- ৩) কে নতুন রাস্তা লাগবে তার একটি তালিকা, পনঃ নির্মাণ ও মেরামত লাগবে এমন একটি রাস্তার তালিকা এবং কয়টি বাঁশের সাঁকো লাগবে তার একটি তালিকা প্রস্তুত করার অনুরোধ করেন। এছাড়া সভায় আরও সিদ্ধান্ত গৃহিত যে,

অঃ পৃঃ দ্রঃ

তালিকাভুক্ত উক্ত রাস্তা ও বাঁশের সাঁকো গুলি জনগুরুত্ব অনুসারে পর্যায়ক্রমে ইউপির নিজস্ব আয় বা সরকারী কোন বরাদ্ধ প্রাপ্ত হলে বাস্তবায়ন করা হবে। এছাড়া খাদ্য বান্ধব কর্মসুচীর আওতায় যারা চাল পাচ্ছে না তার তালিকা করে উদ্ধর্তন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করার সিদ্ধান্ত সভায় গ্রহণ করেন।

৩. ঃ মোঃ রাকিবুল ইসলাম রানিচ (ইউপি সদস্য ৩ নং ওয়ার্ড) জানান যে, তার ওয়ার্ডে বেশ কিছু মাটির রাস্তা নির্মাণ ও মেরামত করা প্রয়োজন।

<u>সিদ্ধান্ত</u> ঃ বিস্তারিত আলোচনান্তে অদ্যকার সভার সভাপতি ও উপস্থিত সদস্য মোঃ রাকিবুল ইসলাম (ইউপি সদস্য ৩নং ওয়ার্ড) কে নতুন রাস্তা লাগবে তার একটি তালিকা, পনঃ নির্মাণ ও মেরামত লাগবে এমন একটি রাস্তার তালিকা প্রস্তুত করার অনুরোধ করেন।

৪. ঃ মোঃ খুরশীদুল বারী (ইউপি সদস্য ২নং ওয়ার্ড) জানান যে, তার ওয়ার্ডে বেশ কিছু মাটির রাস্তা নির্মাণ মেরামত করা প্রয়োজন। তার ওয়ার্ডে বয়স্ক ভাতা, বিধবা ভাতা এবং প্রতিবন্ধী ভাতা প্রাপ্ত অনেক ব্যাক্তি রয়েছে তারা ঠিকমত ভাতা পাচ্ছে না

<u>সিদ্ধান্ত</u> ঃ বিস্তারিত আলোচনান্তে অদ্যকার সভার সভাপতি ও উপস্থিত সদস্য মোঃ খুরশীদুল বারী (ইউপি সদস্য ২ নং ওয়ার্ড) কে নতুন রাস্তা লাগবে তার একটি তালিকা, পনঃ নির্মাণ ও মেরামত লাগবে এমন একটি রাস্তার তালিকা প্রস্তুত করার অনুরোধ করেন। এছাড়া যারা ঠিকমত ভাতা পাচ্ছে না তার তালিকা করে উদ্ধর্তন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করার সিদ্ধান্ত সভায় গৃহিত হয়।

৫. ঃ মোঃ মঞ্জুরুল ইসলাম (ইউপি সদস্য ২নং ওয়ার্ড) জানান যে, তার ওয়ার্ডে বেশ কিছু মাটির রাস্তা নির্মাণ মেরামত করা প্রয়োজন। তার ওয়ার্ডে বয়স্ক ভাতা, বিধবা ভাতা এবং প্রতিবন্ধী ভাতা পায় এমন অনেক ব্যাক্তি রয়েছে তারা সঠিকমত ভাতা মোবাইলে পাচ্ছে না।

<u>সিদ্ধান্ত</u> ঃ বিস্তারিত আলোচনান্তে অদ্যকার সভার সভাপতি ও উপস্থিত সদস্য মোঃ মঞ্জুরুল ইসলাম (ইউপি সদস্য ২নং ওয়ার্ড) কে নতুন রাস্তা লাগবে তার একটি তালিকা, পনঃ নির্মাণ ও মেরামত লাগবে এমন একটি রাস্তার তালিকা প্রস্তুত করার অনুরোধ করেন। এছাড়া যারা ঠিকমত ভাতা পাচ্ছে না তার তালিকা করে উদ্ধর্তন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করার সিদ্ধান্ত সভায় গৃহিত হয়।

৬. ঃ শামীমা আক্তার চায়না (ইউপি সদস্য সঃ মঃ আঃ- ১) জানান যে, তার নির্বাচনী ওয়ার্ডে বয়স্ক ভাতা, বিধবা ভাতা এবং প্রতিবন্ধী ভাতা পাওয়ার উপযোগী অনেক ব্যাক্তি রয়েছে। বেশ কিছু মাটির রাস্তা গত বারের বন্যা, অতিবৃষ্টি এবং মাটি বোঝায় ট্রাক চলাচলের কারনে ক্ষতি গ্রস্ত হয়ে জনগনের চলাচলের অনুপযোগী হয়ে পড়েছে। এমতাবস্থায় রাস্তাগুলি মেরামত করা প্রয়োজন।

<u>সিদ্ধান্ত</u> ঃ বিস্তারিত আলোচনান্তে অদ্যকার সভার সভাপতি ও উপস্থিত সদস্য শামীমা আক্তার চায়না (ইউপি সদস্য সঃ মঃ আঃ- ১) কে পনঃ নির্মাণ ও মেরামত লাগবে এমন একটি রাস্তার তালিকা প্রস্তুত করার অনুরোধ করেন। এছাড়া ভাতা পাওয়ার উপযুক্ত ব্যাক্তিদের তালিকা করে উদ্ধর্তন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করার সিদ্ধান্ত সভায় গৃহিত হয়।

<u>৩ নং আলোচ্য বিষয়</u> ঃ সভায় অদ্যকার সভার সভাপতি জানান যে, মার্চ/২০২৩ মাসে হাট বাজার ১০% অর্থের বাস্তবায়িত ৩ (তিন) টি প্রকল্পের বিল প্রকল্প সভাপতি রজিয়া বেগম (ইউপি সদস্যা) রুপাপাত ইউপি কে (২,০০,০০০/- +২,০০,০০০/- + ১,০০,০০০/-) সর্বমোট= ৫,০০,০০০/-( পাঁচ লক্ষ) প্রদান করা হয়েছে। এছাড়া চেয়ারম্যান ও মেম্বর সদস্যদের ইউপি অংশের বকেয়া সম্মানী ৬৭,১০০/-(সাতষট্রি হাজার একশত) টাকা, হোটেল ইলিয়াছ এন্ড রেষ্টুরেন্ট রুপাপাত বাজার কে আপ্যায়ন বিল ৭,৭৫০/-(সাত হাজার সাতশত পঞ্চাশ) টাকা ও বৃত্তি ব্যবসার ভ্যাট ৪২০/-(চারশত)

অঃ পৃঃ দ্রঃ

টাকা, চেক বই ইস্যু চার্জ ৪০/- (চল্লিশ) টাকা প্রদান করা হয়। তিনি আর জানান যে, এপ্রিল/২০২৩ মাসে ১% ভূমি হস্তান্তর কর খাতের বাস্তবায়িত ২ (দুই) টি প্রকল্পের বিল প্রকল্প সভাপতি রজিয়া বেগম (ইউপি সদস্যা) রুপাপাত ইউপি কে (২,০০,০০০/- + ১,৩০,০০০/-) সর্বমোট= ৩,৩০,০০০/-( তিন লক্ষ ত্রিশ হাজার) প্রদান করা হয়েছে। এই মর্মে বিল ভাউচার উপস্থাপন করা হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ইউপি এস্টাব্লিশমেন্ট রেজিষ্টারও উল্লেখিত ব্যয়ের বিল ভাউচারগুলো পরিক্ষা করে সঠিক পাওয়ায় তাহা পাশ করার সিদ্ধান্ত সভায় গ্রহিত হয়।

অতঃপর সভায় আলোচনার আর কোন বিষয় না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্ত করেন।

মিজানুর রহমান মোল্লা
চেয়ারম্যান
৯নং রুপাপাত ইউনিয়ন পরিষদ
বোয়ালমারী, ফরিদপুর।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**৯নং রুপাপাত ইউনিয়ন পরিষদ কার্যালয়**
**সুতালিয়া, বন্ডপাশা, বোয়ালমার, ফরিদপুর**

স্মারক নং রুপাঃ/ইউপি/সাঃ/সভা/ ২০২৩- তারিখঃ ৩০/০৪/২০২৩ খ্রিঃ

অনুলীপিঃ- সদয় অবগতির জন্য প্রেরন করা হলোঃ-

১) জেলা প্রশাসক, ফরিদপুর।
২) উপ পরিচালক (উপ সচিব) স্থানীয় সরকার শাখা, ফরিদপুর।
৩) উপজেলা চেয়ারম্যান, বোয়ালমারী, ফরিদপুর।
৪) উপজেলা নির্বাহী অফিসার, বোয়ালমারী, ফরিদপুর।
৫) ইউপি সদস্যা/সদস্য সকল ৯নং রুপাপাত ইউনিয়ন পরিষদ।
৬) অফিস নথী।

মিজানুর রহমান মোল্লা
চেয়ারম্যান
৯নং রুপাপাত ইউনিয়ন পরিষদ
বোয়ালমারী, ফরিদপুর।